শাহজালাল বিমানবন্দরে আগুন, নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ৩৬ ইউনিট



সংগৃহীত ছবি

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে ভয়াবহ আগুন লাগে। ফায়ার সার্ভিসের ৩৬টি ইউনিটসহ বিমান, নৌ ও সেনাবাহিনীর সদস্যরা আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। প্রাথমিকভাবে আগুনের কারণ বা ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি। নিরাপত্তার জন্য বিমান ওঠানামা সাময়িকভাবে স্থগিত এবং কয়েকটি ফ্লাইট অন্যত্র ডাইভার্ট করা হয়েছে।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে শনিবার (১৮ অক্টোবর) বিকেলে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বিকেল ৫টার দিকে ফায়ার সার্ভিস সদর দপ্তরের মিডিয়া সেলের কর্মকর্তা তাহলা বিন জসিম জানান, আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের মোট ৩৬টি ইউনিট কাজ করছে।

দুপুর ২টা ৩৪ মিনিটে প্রথমে নয়টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। পরে পরিস্থিতির অবনতি হলে অতিরিক্ত ইউনিট যোগ হয়। এখন পর্যন্ত বিমানবাহিনীর দুটি ফায়ার ইউনিটসহ নৌবাহিনী, সেনাবাহিনী ও বিজিবির দুই প্লাটুন সদস্য উদ্ধার তৎপরতায় অংশ নিচ্ছে।

তাহলা বিন জসিম জানান, আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও নির্ধারণ করা যায়নি। এখন পর্যন্ত কোনো হতাহতের খবরও পাওয়া যায়নি।

অন্যদিকে বিমানবন্দরের এক কর্মকর্তা জানান, আগুন মূলত কার্গো ভিলেজ এলাকায় সীমাবদ্ধ থাকায় যাত্রী টার্মিনালে এর সরাসরি প্রভাব পড়েনি। তবে নিরাপত্তার স্বার্থে বিমান ওঠানামা সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছে। বেশ কয়েকটি ফ্লাইট চট্টগ্রাম, সিলেট ও কলকাতায় ডাইভার্ট করা হয়েছে বলেও জানান তিনি।

বিমান কর্তৃপক্ষ জানিয়েছে, পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে যাতে বিমানবন্দরের কার্যক্রম পুরোপুরি বন্ধ না হয়ে যায়।